

ডাল ডালনা শাক শুভ্রা ভাজা বড়াবড়ি।  
 চালিতা-অম্বল আমসির চড়চড়ি।।  
 মহাপ্রভু সেবা করে হ'য়ে হস্তমতি।  
 দশরথ গান করে ভোজন আরতি।।  
 ভোজনান্তে মহাপ্রভু শয়ন করেছে।  
 মেয়েরা আসিয়া কেহ বাতাস দিতেছে।।  
 পার্শ্বলগ্ন শয্যার উপরে পৃষ্ঠদেশ।  
 ক্ষণকাল হইয়াছে নিদ্রার আবেশ।।  
 এক মেয়ে বলে 'দিদি পাখা কর ত্যাগ।  
 ঠাকুরের পৃষ্ঠদেশে দেখ একি দাগ।।  
 থাগ্ থাগ্ দাগ্ হেন কভু দেখি নাই।  
 জমিয়া রয়েছে রক্ত চেয়ে দেখ ভাই।।'  
 নিদ্রা ভঙ্গে গাত্ৰোত্থান করিল গৌঁসাই।  
 মেয়েগণ জিজ্ঞাসিল ঠাকুরের ঠাই।।  
 'একি দাগ দেখি প্রভু তব পৃষ্ঠোপরে।  
 ঠাকুর কহিছে 'কল্য মেয়েছে আমারে।।  
 দশরথ পৃষ্ঠে জুতা মারিল নায়েব।  
 আমার পৃষ্ঠেতে রাখিয়াছে গুরুদেব।।'  
 নারীগণে তাহা শুনে কাঁদিয়া উঠিল।  
 চক্ষু জলে সকলের বসন তিতিল।।  
 'যে অঙ্গ নির্জর্নে বসি গঠিয়াছে বিধি।  
 সে অঙ্গে জুতার বাড়ি চেয়ে দেখ দিদি।।  
 আহা রে দারুণ বিধি? এই ছিল মনে।  
 চাঁদেতে কলঙ্ক দিলি বিচার করলিনে।।  
 তাহা দেখি দশরথ পড়ে ভূমিতলে।  
 সর্বদা তিতিল তার নয়নের জলে।।  
 'জটিলকে বেত্রাঘাত করে তার গুরু।  
 সেই দাগ পৃষ্ঠে ধরে বাঞ্জকল্পতরু।।  
 সে মতে আমাকে রক্ষা কৈল ভগবান।  
 হায়! হায়! কেন নাহি গেল মোর প্রাণ।।  
 এইজন্য আমি কোন বেদনা পাই নাই।  
 নায়েব মেয়েছে মোরে মনে ভাবি তাই।।'

মালাদেবী লুটে পড়ে ঠাকুরের পায়।  
 'ইহার বিচার প্রভু হইবে কোথায়?'  
 'প্রভু বলে 'তবে তোরা আয় সব নারী।  
 মিলাইব ধর্মসঙ্ঘ ধর্মের কাছারী।।  
 ভাল ভাল বস্ত্র দিল চারিদিকে ঘিরে।  
 চৌকি সিংহাসন করি পাতি দিল ঘিরে।।  
 বেড়ায় সংলগ্ন করি দিলেন পাতিয়া।  
 তিনটা বালিশ দিল তারপর নিয়া।।  
 সাফ এক চাদর পাতিয়া দিল পরে।  
 নানা পুষ্পমালা দিল থরে থরে।।  
 তারপর বসাইয়া দিল এক মেয়ে।  
 কুসুম-মুকুট তার মস্তকেতে দিয়ে।।  
 পদ্মপুষ্প মালাগাঁথি গলে দিল তার।  
 বুলাইয়া দিল মালা বক্ষের উপর।।  
 উকিল মোক্তার হ'ল মেয়েরা সবায়।  
 মস্তক নোয়ায়ে সবে সম্মান দেখায়।।  
 যেই নারী মহারাণী সেজে বসেছিল।  
 রাজশ্রী রাজমুকুটে শোভা তার হ'ল।।  
 মহাপ্রভু হ'য়ে বাদী করি জোড় হস্ত।  
 জবানবন্দী করিল নালিশ দরখাস্ত।।  
 'দশরথে মেয়েছে নায়েব মহাশয়।  
 সেই প্রহারের দাগ মম পৃষ্ঠে রয়।।  
 সত্য-মিথ্যা স্বচক্ষে দেখুন একবার।  
 সুবিচার করুন হে ধর্ম অবতার।।'  
 যে মেয়ে হইল রাণী সেই মেয়ে কয়।  
 'প্রমাণ করহ শীঘ্র বিলম্ব না সয়।'  
 প্রভু বলে 'আমি হইয়াছি ফরিয়াদী।  
 ধর্মতঃ শপথ সত্য মম জবানবন্দী।।  
 আমার রাজ্যেতে মিথ্যা নাহি কহে কেহ।  
 আমার প্রমাণ ধর্মবিচার করহ।।'  
 মেয়েরা বলেছে 'এই ধর্মের কাছারী।  
 আমরা দেখেছি গায় মারে দশ বাড়ি।।'